



জনসংযোগ কার্যালয়
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা, বাংলাদেশ
ফোন: ০২২২৪৪৯১০৪৫-৫১ ফ্যাক্স: ০২২২৪৪৯১০৫২
ওয়েবসাইট: www.juniv.edu



প্রেস বিজ্ঞপ্তি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

অধিকতর উন্নয়ন প্রকল্পের দ্বিতীয় পর্যায়ের ১৪টি স্থাপনার নির্মাণ কাজের উদ্বোধন ॥

নির্মাণ কাজের গুণগত মান অক্ষুণ্ণ রাখতে হবে

-উপাচার্য অধ্যাপক ড. মো: নূরুল আলম

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ০৮ জুন ২০২২।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে অধিকতর উন্নয়ন প্রকল্পের দ্বিতীয় পর্যায়ের ১৪টি স্থাপনার নির্মাণ কাজের আজ উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে উপাচার্য অধ্যাপক ড. মো: নূরুল আলম বলেছেন, নির্মাণ কাজের গুণগত মান অক্ষুণ্ণ রাখতে হবে। কাজের স্বচ্ছতার প্রতি সংশ্লিষ্ট সকলকে সজাগ থাকতে হবে এবং নির্ধারিত সময়ের মধ্যে নির্মাণ কাজ সম্পন্ন করতে হবে। অনুষ্ঠানে প্রধান অতিথি তাঁর ভাষণে আরও বলেন, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়কে একটি আধুনিক ও বিশ্ব মানের বিশ্ববিদ্যালয় হিসেবে গড়ে তোলার জন্য এই উন্নয়ন প্রকল্পের কাজসমূহ নিষ্ঠা এবং দায়িত্বের সঙ্গে করতে হবে। তাহলে সরকারের উদ্দেশ্য সফল হবে। তিনি এ বিশ্ববিদ্যালয়ের জন্য অধিকতর উন্নয়ন প্রকল্প অনুমোদন দেয়ায় বর্তমান সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনাকে আন্তরিক ধন্যবাদ জানান এবং তাঁর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। এছাড়াও উপাচার্য অধিকতর উন্নয়ন প্রকল্প অনুমোদনে যুক্ত সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। উপাচার্য তাঁর ভাষণে বলেন, অধিকতর উন্নয়ন প্রকল্পের আওতায় প্রথম পর্যায়ে ছাত্র-ছাত্রীদের জন্য ৬টি আবাসিক হল নির্মাণ করা হয়েছে। খুব শীঘ্রই নব নির্মিত এই ৬টি আবাসিক হলে ছাত্র-ছাত্রীদের উঠানো যাবে। তখন ছাত্র-ছাত্রীদের গণরুম উঠে যাবে এবং শতভাগ ছাত্র-ছাত্রীর আবাসন নিশ্চিত হবে। উপাচার্য জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়কে আমূল বদলে দেয়ার অধিকতর উন্নয়ন প্রকল্পের নির্মাণ কাজ সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক শেখ মো: মনজুরুল হক, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. রাশেদা আখতার। ভারপ্রাপ্ত রেজিস্ট্রার রহিমা কানিজের পরিচালনায় উদ্বোধনী অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন ডিনস্ কমিটির সভাপতি এবং গাণিতিক ও পদার্থবিষয়ক অনুষদের ডিন অধ্যাপক ড. অজিত কুমার মজুমদার, প্রভোস্ট কমিটির সভাপতি ও বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব হলের প্রভোস্ট অধ্যাপক ড. মোহা. মুজিবুর রহমান, শিক্ষক সমিতির কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মুহাম্মদ ছায়েদুর রহমান, চলমান উন্নয়ন প্রকল্পের পরিচালক এবং বিশ্ববিদ্যালয়ের পরিকল্পনা ও উন্নয়ন অফিসের ভারপ্রাপ্ত পরিচালক প্রকৌশলী মো. নাসির উদ্দিন, ছাত্রলীগ জাবি শাখার সভাপতি আক্তারুজ্জামান সোহেল এবং সাধারণ সম্পাদক হাবিবুর রহমান লিটন। উদ্বোধনী অনুষ্ঠানের পর উপাচার্য বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠের দক্ষিণ পাশে স্পোর্টস কমপ্লেক্সের জন্য কোদাল দিয়ে মাটি কেটে নির্মাণ কাজের সূচনা করেন।

ড. মোহাম্মদ মহিউদ্দিন
পরিচালক (ভারপ্রাপ্ত)

